গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী
www.goalanda.rajbari.gov.bd

গোয়ালন্দ উপজেলা পরিষদে অক্টোবর-২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মোস্তফা মুন্সী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ১৪.১০.২০২১
সময় : সকাল ১১.০০ ঘটিকায়।
উপস্থিতি : রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই জনাব আজিজুল হক, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর উন্মুক্ত আলোচনার জন্য সদস্যদের আহবান করলে বিস্তারিত আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে করোনার ভ্যাকসিন নেয়ার জন্য সবাইকে আহবান জানান। | ১। সবাইকে করোনার ভ্যাকসিন নিতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ রাজবাড়ী |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, বন্যায় ক্ষতিগ্রস্থদের প্রণোদনা দেয়া হচ্ছে। | ১। প্রকৃত কৃষকদের প্রণোদনা দিতে হবে। | ১। উপজেলা কৃষি অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে, আগামী দুই মাসের মধ্যে লেয়ার ও বয়লারের দাম কমে যাবে। প্রণোদনা প্রদানে অনিয়ম করা যাবে না। | ১। সঠিক গরুর খামারীদেরকে প্রণোদনা দিতে হবে। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ রাজবাড়ী। |
| ০৪ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। মা ইলিশ সংরক্ষণ অভিযান শুরু হবে। মা ইলিশ সংরক্ষণে সকলের সহযোগিতা কামনা করেন। | ১। মা ইলিশ সংরক্ষণ অভিযান সফল করতে হবে। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষক করোনার সকল ডোজ নিয়েছে। রেলওয়ে কলোনীর প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল করার জন্য অনুরোধ জানান। | ১। সকল শিক্ষককে করোনার টিকা নেয়া নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ০৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, জন্ম মৃত্যু নিবন্ধন কাজে গ্রাম পুলিশদের সহযোগিতা কামনা করেন। সেপ্টেম্বর-২০২১ মাসের সক্ষম দম্পতির সংখ্যা ২৬২২৩ জন এবং পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২০৪৭৪ জন ও পদ্ধতি গ্রহণ করে না ৫৭৪৯ জন। উপজেলায় সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.০৮% চালু প্রদান করা হবে। গোয়ালন্দ উপজেলায় মোট গর্ভবতী মায়ের সংখ্যা ৮৯৮। | ১। সক্ষম দম্পতি, রোগীর সেবা ও গর্ভবতী মায়ের চিকিৎসা সঠিকভাবে প্রদান করা হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ০৭ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, সকল প্রকার ভাতা অন লাইনে প্রদান করা হচ্ছে। সকল প্রকার ভাতা সঠিকভাবে প্রদানের কার্যক্রম চলমান আছে। | ১। সকল ভাতাভোগীদের ভাতা প্রদানের ক্ষেত্রে ভোগান্তি পোহাতে না হয় সেদিকে লক্ষ্য রাখাতে হবে। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়ালন্দ |
| ০৮ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান বিভিন্ন ইউনিয়নে টিউবওয়েল স্থাপনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের তালিকা দেয়ার জন্য অনুরোধ করেন। | ১। জনপ্রতিনিধিদের অগ্রাধিকার দিয়ে উপকারভোগিদের তালিকা করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর গোয়ালন্দ |
| ০৯ | বিদ্যুৎ বিভাগ | উপজেলা আবাসিক প্রকৌশলী,ওজোপাডিকো, গোয়ালন্দ, রাজবাড়ী বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ রাজবাড়ী বলেন প্রথমে | ১। গোয়ালন্দ উপজেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ [illegible] | ১।উপজেলা আবাসিক প্রকৌশলী(বিদ্যুৎ), |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডাকবাংলোতে অবস্থান করেন। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ না থাকায় ভিআইপি ও ভিভিআইপিগণের সম্মুখে বিব্রতকর অবস্থায় পড়তে হয়। গোয়ালন্দ উপজেলায় যাতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ থাকে তার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | | |
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, বিদ্যালয়ের সকল শিক্ষক করোনার সকল ডোজ নিয়েছে। মাধ্যমিক পর্যায়ের সকল ছাত্রছাত্রীদের নিবন্ধনের কাজ চলমান আছে। | ১। মাধ্যমিক পর্যায়ের সকল ছাত্রছাত্রীদের নিবন্ধনের কাজ দ্রুত শেষ করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ,রাজবাড়ী। |
| ১১ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা হয়েছে। মনোনয়নের শেষ তারিখ ১৭/১০/২০২১। ভোট গ্রহণ ১১ নভেম্বর/২০২১। নির্বাচন শতভাগ সুষ্ঠু করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। আচরণ বিধিমালা মেনে শতভাগ দায়িত্ব পালন করার জন্য সকল প্রিজাইডিং অফিসারদের প্রতি অনুরোধ জানান। ভোট কেন্দ্রে আইন শৃংখলা বাহিনী ও নির্বাহী ম্যাজিস্ট্রেট যাতে সহজে যাতায়াত করতে পারে সেজন্য রাস্তা ঘাট মেরামতের জন্য অনুরোধ করেন। | ১। নির্বাচন আচরণ বিধি মানতে হবে।<br>২। নির্বাচনী কেন্দ্রভিত্তিক রাস্তা মেরামত করতে হবে। | ১। উপজেলা নির্বাচন কর্মকর্তা,গোয়ালন্দ, রাজবাড়ী<br>২। সকল ইউপি চেয়ারম্যান। |
| ১২ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের সকল ইউপি চেয়ারম্যানদের নিকট থেকে টিআর ও কাবিখা তালিকা গ্রহণ অন্তে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করার কার্যক্রম হচ্ছে। | ২০২১-২০২২ অর্থ বছরের টিআর ও কাবিখা তালিকা প্রস্তুত অন্তে জেলা প্রশাসক, রাজবাড়ী বরাবর প্রেরণ করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ল্যাকটেটিং মাদার সহায়তায় গোয়ালন্দ পৌরসভা থেকে ৬০ জন ল্যাকটেটিং ভাতাভোগিদের নাম নির্বাচিত করা হয়েছে। | ১। ল্যাকটেটিং ভাতা উপকারভোগিদের তালিকা সঠিকভাবে করতে হবে। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ১৪ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত), গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোয়ালন্দ |
| ১৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, আগামী ১ নভেম্বর/২০২১ যুব দিবস। যুব দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। যুব প্রশিক্ষণে ব্রোথেল থেকে প্রশিক্ষণার্থী নেয়ার জন্য অনুরোধ জানান। যুব ঋণ কার্যক্রম ভাল। | ১। বিভিন্ন প্রশিক্ষণে ব্রোথেলের ছেলে মেয়েদের অর্ন্তভুক্ত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৬ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ডাটা কালেকশনের কার্যক্রম চলছে। অক্টোবর/২০২১ মাস হতে আদমশুমারী কার্যক্রম শুরু হবে। | ১। সুষ্ঠুভাবে আদমশুমারী কার্যক্রম শুরু করতে হবে। | ১। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান গত মাসে মহাপরিচালক, মিল্ক ভিটার কার্যক্রম পরিদর্শন করেছেন। এ প্রতিষ্ঠানে ৫ জন জনবল দরকার। মাত্র ২ জন জনবল দিয়ে এ প্রতিষ্ঠানটির কার্যক্রম চালানো খুবই কঠিন। ৫ জন জনবল পাওয়া মাত্র মিল্ক ভিটার কার্যক্রম চালু হবে। | ১। মিল্ক ভিটার কার্যক্রম জোরদার করতে হবে। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।<br>২। সমিতি এক্সটেনশন অফিসার, মিল্ক ভিটা, গোয়ালন্দ, রাজবাড়ী |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিপি) কর্তৃক গোয়ালন্দ উপজেলায় ০৭টি কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। বিআরডিবি দারিদ্র বিমোচনের লক্ষ্যে কাজ করছে এবং দরিদ্র জনসাধারণের জন্য ঋণ সহায়তা প্রদান করছে। ২০২১-২০২২ অর্থবছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬০৩.৬১ লক্ষ টাকা। সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত বিতরণ ১৩২.৫৬, বিতরণ হার-২২% । সুবিধা প্রাপ্ত সদস্য সংখ্যা ২৭৫ জন। ঋণ আদায় ১৩৯.৯৫ লক্ষ টাকা। সার্টিফিকেট মামলার টাকা আদায় অন্তে মামলা নিস্পত্তি বৃদ্ধি করার অনুরোধ করেন। | ১। ঋণ আদায় ও বিতরণের এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>২। সার্টিফিকেট মামলা দ্রুত নিস্পত্তি করতে হবে। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৯ | আনসার ও ভিডিপি বিভাগঃ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, আনসার সদস্যদের প্রশিক্ষণের কার্যক্রম চালু আছে। উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ বলেন দৌলতদিয়া ইউনিয়নে আনসার প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার অনুরোধ করেন এবং প্রশিক্ষণে ব্রোথেল থেকে প্রশিক্ষণার্থী মনোনয়নের অনুরোধ অনুরোধ করেন। | ১। ব্রোথেলের ছেলে মেয়েদের আনসারের প্রশিক্ষণের আওতায় আনতে হবে। | ১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়ালন্দ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | বন বিভাগঃ | ফরেস্টার উপজেলা বন বিভাগ, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। নার্সারীতে ভালো জাতের চারা লাগানোর জন্য অনুরোধ করেন। উপজেলা পরিষদের ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্য বর্ধনের জন্য পশ্চিম-উত্তরের পার্শ্বে গাছ কর্তনের জন্য বন বিভাগ কর্তৃক মূল্য নির্ধারণ করা হয়েছে। গাছ কর্তন ও প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয়ের নিকট প্রেরণ করতে হবে। | ১। গাছ কর্তন ও প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয় বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ১। ফরেস্টার উপজেলা বন বিভাগ, গোয়ালন্দ, রাজবাড়ী |
| ২১ | আমার বাড়ী আমার খামার বিভাগ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, জনগণের সার্বক্ষনিক ভাল সেবা দেয়ার জন্য চেষ্টা করা হচ্ছে। তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে । | ঋণ কার্যক্রম সঠিকভাবে করতে হবে। | ১। উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ী আমার খামার প্রকল্প, গোয়ালন্দ। |
| ২২ | দারিদ্র বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে ঋণ বিতরণ ৮৫.৪৫ লক্ষ টাকা। ঋণ আদায় করা হয়েছে, ৭৭.৬২ লক্ষ টাকা। চলতি ২০২১-২০২২ অর্থবছরে প্রণোদনা ঋণ বিতরণ ২২.০০ লক্ষ টাকা এবং ঋণ সুবিধা প্রাপ্ত সদস্য ১৪৬ জন। | ১। ঋণ আদায় ও বিতরণের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ২৩ | তথ্য আপা | উপজেলা তথ্য আপা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে । উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বিভিন্ন উঠান বৈঠকে জন্ম-মৃত্যু নিবন্ধন ও করোনার টিকা প্রদানের জন্য জনগণকে সচেতন করতে হবে। | ১। উঠান বৈঠকের মাধ্যমে টিকা নেয়ার বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে। | ১। উপজেলা তথ্য আপা, গোয়ালন্দ, রাজবাড়ী |
| ২৪ | সহকারী প্রোগামার | সহকারী প্রোগামার, গোয়ালন্দ রাজবাড়ী জানান যে, ওয়েব প্রোটালে সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের তথ্য হাল নাগাদ না থাকায় সরকারি কাজকর্ম করতে অসুবিধার সৃষ্টি হচ্ছে। ওয়েব প্রোটালে কর্মকর্তা কর্মচারীদের তথ্য হাল নাগাদ করার জন্য জন্য অনুরোধ জানান। | ১। ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীদের তথ্য হাল নাগাদ করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান |

২৫। উপজেলা প্রকৌশলী: উপজেলা প্রকৌশলী জানান যে, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলায় এলজিডির রোড ইনভেন্টরী অনুযায়ী ৮টি উপজেলা সড়ক, ২টি ইউনিয়ন সড়ক, ৩৯টি গ্রামীণ বি সড়ক গেজেটেডভুক্ত ছিল। সম্প্রতি ইনভেন্টরী হালনাগাদ করার লক্ষ্যে আরও ২১ টি নতুন গ্রামীণ বি সড়ক ইনভেন্টরী যুক্ত না হওয়ায় ইনভেন্টরীতে যুক্ত করার জন্য গত জুলাই/২০২১ মাসের মাসিক সভায় ১৮টি গ্রামীণ বি সড়ক ইনভেন্টরী যুক্ত করা হয়েছে ভুলক্রমে ৩টি গ্রামীণ বি সড়ক ইনভেন্টরী হতে বাদ পড়ায় প্রস্তাবিত ৩টিসহ সর্বমোট ২১টি গ্রামীণ বি সড়ক ইনভেন্টরীতে যুক্ত করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর তালিকা প্রস্তুত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ এবং গেজেটে অন্তর্ভূক্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । নতুন ৩টি তালিকা নিম্নরুপ:

| উপজেলার নাম | ক্রমিক নং | সড়কের আইডি নম্বর | সড়কের শ্রেণি | Start এবং End Point অনুযায়ী সড়কের নাম | পরিমাপ অনুযায়ী সড়কের দৈর্ঘ্য (কি:মি:) | নতুন সড়ক অন্তর্ভুক্তিকরণের কারণ ব্যাখ্যাসহ যুক্তি প্রদান করতে হবে। |
|---|---|---|---|---|---|---|
| Goalanda | 19 | 382295008 | VR-B | Ujanchar UZR Gafur mondolpara BC Road | 1.446 | সড়ক RSDMS-VII এ অন্তর্ভুক্ত ছিল। কিন্তু RSDMS-VIII এ বাদ পড়ায় নতুনভাবে অন্তর্ভুক্ত করা হলো। ইতোমধ্যে সড়কটির চে: ০০-১৪৪৬ মি. এইচবিবি দ্বারা উন্নয়ন করা হয়েছে। |
| Goalanda | 20 | 382295035 | VR-B | Bahadurpur Montaj shop shahidul khapara | 0.420 | সড়কটির RSDMS-VII এ অন্তর্ভুক্ত ছিল। কিন্তু RSDMS-VIII এ বাদ পড়ায় নতুনভাবে অন্তর্ভুক্ত করা হলো। ইতোমধ্যে সড়কটির চে: ০০-৪২০ মি. এইচবিবি দ্বারা উন্নয়ন করা হয়েছে। |
| Goalanda | 21 | 382295036 | VR-B | Nutunpara Jama Mosque Nutunpara | 0.550 | সড়কটির RSDMS-VII এ অন্তর্ভুক্ত ছিল। কিন্তু RSDMS-VIII এ বাদ পড়ায় নতুনভাবে অন্তর্ভুক্ত করা হলো। ইতোমধ্যে সড়কটির চে: ০০-৫৫০ মি. এইচবিবি দ্বারা উন্নয়ন করা হয়েছে। |

সিদ্ধান্তঃ উপরোক্ত ৩টি গ্রামীন বি সড়কসহ সর্বমোট ২১ টি গ্রামীন বি সড়ক গেজেটভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া উপজেলা প্রকৌশলী, গোয়ালন্দ রাজবাড়ী জানান যে, পিআইসি/কোটেশন/ টেন্ডারের মাধ্যমে নিম্নোক্ত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়েছে:

i) গোয়ালন্দ উপজেলার বিভিন্ন ইউনিয়নে টিউবওয়েল সরবরাহ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
ii) মুন্সি বাজার রোড হইতে মমিন সর্দার মসজিদ রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন -১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
iii) সেলাই মেশিন সরবরাহ বাবদ ৩,৫০,০০০/-(তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
iv) গোয়ালন্দ উপজেলার বিভিন্ন স্কুলের মেয়েদের মধ্যে স্যানিটারী ন্যাপকিন সরবরাহ-২,০০,০০০/-(দুই লক্ষ) পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
v) দৌলতদিয়া বাজার এলাকায় ড্রেন ও ট্রেন স্টেশনের রাস্তা উন্নয়ন কাজ - ৮,০০,০০০/-(আট লক্ষ) টাকা টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
vii) ওয়েট স্কেল হতে দৌলতদিয়া ঘাট পর্যন্ত সিসি ক্যামেরার আওতায় আনার জন্য সিসি ক্যামেরা ক্রয় ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
viii) গোয়ালন্দ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গোলবার স্থাপন কাজ ও খেলার সামগ্রী ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
ix) গোয়ালন্দ উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্যানিটারী ল্যাট্রিন সরবরাহ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
x) মৎস্য সংরক্ষণ কাজের জন্য ব্যয় নির্বাহ খরচ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা [illegible]

তাছাড়া উপজেলা প্রকৌশলী, গোয়ালন্দ রাজবাড়ী আরোও জানান যে, সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীর ২৪ নং অনুচ্ছেদের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদের পুরাতন শিল্পকলা ভবন নিলামে বিক্রয়ের জন্য যথাক্রমে ৫৪,২৭১/-(চুয়ান্ন হাজার দুইশত একাত্তর) টাকা ও পুরাতন মিলনায়তন ভবন নিলামে বিক্রয়ের করার জন্য ১,০২,৭৪২/-(এক লক্ষ দুই হাজার সাতশত বিয়াল্লিশ) টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিল করেছেন । উক্ত বিষয়ে বিস্তারিত হয়। আলোচনান্তে দাখিলকৃত নিলামের প্রাক্কলিত মূল্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

২৬। বিবিধ সিদ্ধান্ত ঃ-

ক) উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২১ মাসের মালীর বেতন ভাতা বাবদ ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত) টাকা ও পরিস্কার ও পরিচ্ছন্নতা কর্মীর বেতন ভাতা বাবদ ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়েছে। যা ভূতাপেক্ষ অনুমোদনের প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রদানকৃত টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

খ) উপজেলা পরিষদে অক্টোবর-২০২১ মাসের বিভিন্ন আপ্যায়ন বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা ও স্থায়ী কমিটি সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা মোট ৩৮,০০০/-(আটত্রিশ হাজার) টাকা মাত্র খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) উপজেলা পরিষদ কার্যালয়ে সেপ্টেম্বর-২০২১ মাসের আনুষংঙ্গিক মালামালের ক্রয়কৃত ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) উপজেলা পরিষদ কার্যালয়ে জুলাই/২০২১ হতে সেপ্টেম্বর/২০২১ মাসের জীপ গাড়ীর জ্বালানী তেলের বিল বাবদ ৭৩,৫০০/-(তেহাত্তর হাজার পাঁচশত) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) উপজেলা পরিষদে হলরুমের দরজা জানালা নষ্ট হয়ে যাওয়ায় জরুরি ভিত্তিতে মেরামত করা হয়েছে এবং ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

চ) উপজেলা পরিষদে হলরুমের বৈদ্যুতিক লাইন নষ্ট হয়ে যাওয়ায় জরুরি ভিত্তিতে মেরামত করা হয়েছে এবং ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ছ) উপজেলা পরিষদ চত্তর পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে এবং ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

জ) উপজেলা পরিষদে হলরুমের বাথরুম নষ্ট হওয়ায় জরুরি ভিত্তিতে মেরামত করা হয়েছে এবং ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঝ) উপজেলা নির্বাহী অফিসার,গোয়ালন্দ, রাজবাড়ী জানান যে, গোয়ালন্দ উপজেলা পরিষদে ডিজিটাল সেন্টার( ইউডিসি) স্থাপনের লক্ষ্যে সরঞ্জাম/ যন্ত্রপাতি ক্রয়ের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমাবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-১শাখা) এর ০৯/০৫/২০১৬ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪.২০১৬-৬৩৯(ক) নং স্মারক পত্রে নির্দেশনা / অনুমোদন প্রদান করেছেন। অদ্যাবধি অত্র উপজেলা পরিষদে কোন ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়নি। উপজেলা পরিষদে ডিজিটাল সেন্টার স্থাপনের নিমিত্ত বিভিন্ন প্রকার সরঞ্জাম/ যন্ত্রপাতি ক্রয়ের জন্য ৪,৪৯.৬০০/- (চার লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত) অনুমোদন রয়েছে। আপাতত: ২,০০,০০০/-(দুই লক্ষ) ব্যয়ে আংশিক সরঞ্জাম/ যন্ত্রপাতি ক্রয় পূর্বক উপজেলা পরিষদে ডিজিটাল সেন্টার স্থাপন/ চালু করা যেতে পারে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পিআইসির মাধ্যমে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি জানান যে, ফায়ার সার্ভিসের পাশে একেম মৃধার গলির রাস্তার কার্জ করার জন্য উপজেলা প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ করেন। চরমহিদাপুর, জয়নৈদ্দিন মোড়ে একটি করে ব্রীজ নির্মাণ করার জন্য অনুরোধ জানান। মাধ্যমিক পর্যায়ে এডহক কমিটির অভিভাবক নির্বাচন সঠিকভাবে করার জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তাকে জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মোস্তফা মুন্সী) ১৪/১০/২০২১
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়ালন্দ, রাজবাড়ী।
মোবা:০১৭৭০-৬৭৪৮০০
ই-মেইল:upozilaparishad@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, গোয়ালন্দ, রাজবাড়ী।
০২-৩২। ......................................................কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।
৩৩-৩৬। চেয়ারম্যান, দৌলতদিয়া/দেবগ্রাম/ছোটভাকলা/উজানচর ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।

স্মারকনং-০৫.৩০.৮২২৯.০০৪.০৬.০০৩.১৭- ১১৬৩(৩৯)

তারিখ: ১৪.১০.২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। আলহাজ্ব কাজী কেরামত আলী, এমপি ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

(আজিজুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।
মোবা: ০১৭৩৩-৩৩৬৪০৮
ই-মেইল:unogoalanda@mopa.gov.bd